ঝিনাইদহে রুবেল মোটরসাইকেল গ্যালারি এর শুভ উদ্বোধন

ঝিনাইদহে শৈলকুপা উপজেলা ভাটই বাজার কলেজ গেট সংলগ্ন সেলিম মিয়া মার্কেটে শুক্রবার বিকাল ৪ টার রুবেল মোটরসাইকেল গ্যালারি এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

হাট-বাজার মালিক সমিতির সভাপতি, মোঃবাদশা আলমগির ফিতা কেটে রুবেল মোটরসাইকেল গ্যালারি শোরুম এর শুভ উদ্বোধন করেন। রুবেল মোটরসাইকেল গ্যালারি শোরুম উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা ছাত্রলীগের উপ কর্মসংস্থান সম্পাদক তাপস কুণ্ডু, ঝিনাইদহ অটো অনার, রনি, সনজিত, তাপস, রায়হান মোটরসাইকেল গ্যালারি অনার, রায়হান ইসলাম, সাহেব আলী, সজিব, রোকন, আলমগির সহ আরো অনেকেই।

রুবেল মোটরসাইকেল গ্যালারি স্বত্বাধিকারী জিএম রুবেল বলেন, বেকারত্ব জীবন কেবলমাত্র অভিশাপ তা থেকে ফিরে এসে একজন উদ্যেক্তা হওয়াটাই সাফল্য। আর সেখান থেকেই এই রুবেল মোটরসাইকেল গ্যালারি, এখানে পুরাতন সকল ধরনের বাইক ক্রয়-বিক্রয় করা হয়। দুর্নীতিমুক্ত ও হয়রানি ছাড়াই ক্রেতা-বিক্রেতারা নিরাপদ ও নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হিসেবে বেছে নিতে পারে এই বাইক বাজার।

বাইক বাজারে নগদ ও সহজ কিস্তির মাধ্যমে ক্রেতারা তাদের পছন্দ মতো বাইক ক্রয় করতে পারবে। পরিশেষে দোয়া মাহফিল এবং তবারক বিতরণ করা হয়।

গাংনীর রায়পুর ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান ও

মেম্বারদের গণসংবর্ধনা

মেহেরপুরের গাংনী উপজেলার রায়পুর ইউনিয়ন পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যান ও মেম্বরদের গণসংবর্ধনা দিয়েছে এলাকাবাসী। শুক্রবার বিকেল ৩টার দিকে ইউনিয়নের এলাঙ্গী সরকারী প্রাথমিক বিদ্যালয় চত্বরে এ গণসংবর্ধনা দেয়া হয়।

রায়পুর ইউনিয়ন পরিষদের ৬ নং ওয়ার্ডের নব-নির্বাচিত সদস্য শামীম রেজা’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাংনী পৌরসভার একাধিক বারের নির্বাচিত মেয়র ও আওয়ামী লীগ নেতা আহম্মেদ আলী।

আওয়ামী লীগ নেতা আজিজুল হকের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন রায়পুর ইউনিয়নের একাধিক বারের নির্বাচিত চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, রায়পুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শামসুজ্জামান মঙ্গল ও এলাঙ্গী পুলিশ ক্যাম্প ইনচার্জ হেকমত আলী।
অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন রায়পুর ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ডের মেম্বর বকুল হোসেন, ১ নং ওয়ার্ডের নব-নির্বাচিত মেম্বর আতিয়ার রহমান আজাদ, সংরক্ষিত মহিলা সদস্য সাহারন নেছা প্রমুখ।

এসময় গাংনী উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এডভোকেট রাশেদুল হক জুয়েল, গাংনী পৌরসভার প্যানেল মেয়র ঝর্ণা বেগম, ছাত্রলীগ নেতা জুবায়ের হোসেন উজ্জল, স্থানীয় আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতাকর্মীসহ এলাকার বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে আন্তর্জাতিক ও জাতীয় মানবাধিকার দিবস উদযাপন

‘সমতা ও বৈষম্যহীনতা মানবাধিকার অগ্রগতির মুলমন্ত্র’ এ শ্লোগানকে ঝিনাইদহে জাতীয় ও আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালিত হয়েছে। জেলা মানবাধিকার বাস্তবায়ন সংস্থার আয়োজনে এ উপলক্ষে

শুক্রবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে মানববন্ধন কর্মসূচী পালন করা হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলার বিভিন্ন মানবাধিকার সংগঠনের সদস্যরা অংশ নেয়।

সেসময় জেলা মানবাধিকার ফোরামের সভাপতি আমিনুর রহমান টুকু, সাধারণ সম্পাদক শরিফা খাতুন মানবাধিকার কর্মী এন এম শাহজালাল সুব্রত মল্লিকসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। বক্তারা, নারী-পুরুষ, শিশুসহ সকলের মানবাধিকার রক্ষায় সরকারের পাশাপাশি সর্বস্তরের মানুষকে একসাথে কাজ করার আহ্বান জানান।

মেহেরপুর পৌর ইমাম সমিতির নতুন কমিটি গঠণ

হোটেল বাজার জামে মসজিদের ইমাম হাফেজ মাওঃ মোঃ রোকনুজ্জামা কে সভাপতি ও হাইস্কুল মসজিদের ইমাম মাও শাহজালালকে সাধারণ সম্পাদক করে ২৫ সদস্য বিশিষ্ট পৌর ইমাম সমিতির কমিটি গঠন করা হয়। গতকাল বৃহস্পতিবার রাতে পৌর ইমাম সমিতির এক সভা শেষে নতুন কমিটি গঠন করা হয়।
কমিটির অন্য সদস্যরা হলেন সহ-সভাপতি মাওঃ শরীফুদ্দিন, মাওঃ সানাওয়ার হোসেন, মাওঃ সিরাজুদ্দীন, মাওঃ ইয়ারুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক-মাওঃ জাহিদ হাসান, সাংগঠনিক সম্পাদক হাফেজ মাওঃ জাবেরুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক হাফেজ আব্বাস আলী, অর্থ সম্পাদক মাওঃ আনিসুর রহমান, দপ্তর সম্পাদক হাফেজ জামাল উদ্দীন, সহ-দপ্তর সম্পাদক হাফেজ ইদ্রিস, প্রচার সম্পাদক হাফেজ বোরহান উদ্দিন, শিক্ষা ও সাহিত্য বিষয়ক সম্পাদক মাওঃ সামছুর রহমান টুটুল, সমাজ কল্যাণ সম্পাদক মাওঃ সাব্বির আহমেদ, সদস্য মাওঃ সাহজাহান আলী (পৌর ঈদগাহ), মাওঃ তরিকুল ইসলাম, হাফেজ সাইফুল ইসলাম, মাওঃ শাহজাহান কবির, মাওঃ জোবায়ের হাসান (কোর্ট মসজিদ)।

কমিটিতে -মাওঃ আবুল কালাম কাসেমী, মাওঃ আবদুল হান্নান, মাওঃ মোঃ

সিদ্দিকুর রহমান, মাওঃ আব্দুল ওয়াহাব, মুফতী হাফিজুর রহমানকে উপদেষ্টা সদস্য করা হয়েছে।

আলমডাঙ্গায় মোটরসাইকেলের ধাক্কায় বৃদ্ধার মৃত্যু

আলমডাঙ্গার মুন্সিগঞ্জেরাস্তা পারাপারের সময় মোটরসাইকেলের ধাক্কায় অর্চনা ব্যানার্জি (৫৫) নামে এক বৃদ্ধার করুণ মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাত ৭ টার দিকে নিজ বাড়ির সামনে এদূর্ঘটনা ঘটে।

স্থানীয়রা আহত বৃদ্ধাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। নিহত অর্চনা ব্যানার্জি আলমডাঙ্গা উপজেলার জেহালা গ্রামের ক্লিনিকপাড়ার শ্রী বিকাশ চন্দ্র শর্মার স্ত্রী।

এলাকা সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের ক্লিনিক পাড়ার শ্রী বিকাশ চন্দ্র শর্মার স্ত্রী অর্চনা ব্যানার্জি। বৃহস্পতিবার সন্ধার দিকে অর্চনা ব্যানার্জি রাস্তা পার হয়ে বাড়িতে যাচ্ছিলেন। এসময় দ্রুতগতির একটি মোটরসাইকেল তাকে ধাক্কা দেয় ৷

এসময় অর্চনা ব্যানার্জি ছিটকে রাস্তার উপরে পড়ে জ্ঞান হারিয়ে ফেলে। পরে অচেতন অবস্থায় অর্চনা ব্যানার্জিকে স্থানীয়দের সহযোগিতায় পরিবারের সদস্যরা উদ্ধার করে পাশে প্রতিজ্ঞা নার্সিং হোম ক্লিনিকে নেয়।

সেখানে তার অবস্থার অবনতি হলে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করেন কর্তব্যরত চিকিৎসক। পরে হাসপাতালে নেয়ার পথে মৃত্যুর কোলে ঢোলে পড়েন অর্চনা ব্যানার্জি।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. আহসানুল হক বলেন, পরিক্ষা-নিরিক্ষার পর অর্চনা ব্যানার্জিকে মৃত

ঘোষণা করা হয়েছে। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয় ।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, অজ্ঞাত একটি মোটরসাইকেলের ধাক্কায় অর্চনা ব্যানার্জির মৃত্যু হয়েছে। অভিযোগ না থাকায় সুরতহাল প্রতিবেদন শেষে ময়নাতদন্ত ছাড়ায় মরদেহ তার পরিবারের নিকট হস্তান্তর করা হয়।

কোটচাঁদপুরে প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বোরো ধানের বীজ-সার বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে রবি ২০২১-২০২২ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় বোরো ধানের (হাইব্রিড ও উফসী জাত) উৎপাদন ও আবাদ বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে উপজেলা পরিষদ প্রাঙ্গনে উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসের বাস্তবায়নে প্রণোদনার এই বীজ-সার বিতরণ করা হয়।
উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার কৃষিবিধ মোঃ মহাসীন আলী।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার হুমায়ন কবির, সাবেক মুক্তিযো;◌্আ কমান্ডার তাজুল ইসলাম, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন প্রমূখ। কৃষি অফিসের তথ্য মতে উপজেলার ৫টি ইউনিয়ন ও পৌরসভায় রবি ২০২১-২০২২ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় বোরো ধানের (হাইব্রিড ও উফসী জাত) এই বীজ ও রাসায়নিক সার প্রান্তিক কৃষকদের মাঝে বিতরণ করা হবে।

কোটচাঁদপুরে বেগম রোকেয়া দিবস উপলক্ষে শ্রেষ্ঠ জয়িতাদের সম্মননা প্রদান

ঝিনাইদহের কোটচাঁদপুরে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবস উপলক্ষে শ্রেষ্ঠ জয়িতাদের সম্মাননা প্রদান করা হয়েছে।

দিবসটি উদযাপন উপলক্ষে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে ও উপজেলা প্রশাসনের সহযেগিতায় বৃহস্পতিবার স্থানীয় উপজেলা পরিষদ মিলনায়তনে “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগমের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল প্রমূখ।

অনুষ্ঠানে অর্থনৈতিকভাবে সাফল্য অর্জন, শিক্ষা ও চাকুরীর ক্ষেত্রে সাফল্য, সফলজননী, নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন পারিচালনা এবং সমাজ উন্নয়নে অসামান্য অবদান রাখার জন্য ৫ জন শ্রেষ্ঠ জয়িতাদের সম্মাননা ক্রেষ্ট ও সনদ প্রদান করা হয়।

এসময় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের প্রধান, সুশীল সমাজের প্রতিনিধি, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী, সাংবাদিক ও নানা শ্রেণী পেশার নারীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় সাবেক স্ত্রীর সাথে দেখা করতে এসে চোর ভেবে গণধোলাই

পরকীয়া প্রেমিকা মামির সাথে বিয়ে করে দুই বছর সংসার শেষে ডিভোর্সের পর দেখা করতে এসে গণধোলাই শিকার পোলতাডাঙ্গার আলমঙ্গীর। গত বুধবার রাত ১১ টার দিকে বাড়াদি ইউনিয়নের এনায়েতপুর এ ঘটনাটি ঘটে। ঘটনাটি এলাকাজুড়ে ছড়িয়ে পড়লে নিন্দার ঝড় ওঠে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার খাসকররা গ্রামের বজলু রহমানের মেয়ে চম্পা খাতুনের গত ৮ বছর পূর্বে বাড়াদি ইউনিয়নের পোলতাডাঙ্গা গ্রামে বিবাহ হয়। তাদের দাম্পত্য জিবনে দুটি কণ্যা সন্তান জন্ম নেয়।বিভিন্ন সময় তাদের সাংসারিক গোলোযোগ সৃষ্টি হয়।

এ সুযোগে পোলতাডাঙ্গা গ্রামের আমিনুল ইসলামের ছেলে আলমঙ্গীর মোবাইল ফোনে পরকীয়া সম্পর্ক গড়ে তোলে।

ভালোবাসার টানে স্বামীর সংসার দু মেয়ে রেখে পোলতাডাঙ্গা গ্রামের আলমঙ্গীরের হাত ধরে অজানা উদ্দেশ্যে পাড়ি জমায়। বিয়ে করে ঢাকায় ২ বছর সংসার করে। গত দুই মাস পূর্বে আলমঙ্গীর ও তার পরকীয়া স্ত্রী চম্পা খাতুন নিজ গ্রামে ফিরে আসে।

পারিবারিক ভাবে ডিভোর্স দেয় দুই পক্ষ। ডিভোর্সের পর প্রেমিক আলমঙ্গীরকে ভুলে পূর্বের স্বামীর নিকট ফিরতে চায় চম্পা। পূণরায় পথের কাটা হয়ে দাড়ায় আলমঙ্গীর। আবারো চম্পাকে বিয়ে করবে বলে চম্পার প্রথম স্বামীকে মোবাইলে জানায়। এছাড়াও তাকে বিভিন্ন ধরণের হুমকি -ধামকি প্রদান করে।

এ সূত্র ধরে গত বুধবার রাত ১১ টার দিকে মোবাইলে যোগাযোগ করে চম্পার সাথে দেখা করতে আসে। স্থানীয়রা টের পেয়ে চোর ভেবে তাকে দাঁড়াতে বললে সে দৌড়ে পালাই। লোকজন ধাওয়া করে তাকে আটকে গণধোলাই দেয়। পরবর্তীতে সে চম্পার সাথে দেখা করতে এসেছে বলে স্থানীয়দের জানায়।

বৃহস্পতিবার সকালে আলমডাঙ্গা থানার এসআই খসরু আলম সঙ্গীয় ফোর্স ঘটনাস্থলে উপস্থিত হয়ে কারো অভিযোগ না থাকায় স্ব স্ব পরিবারের লিখিত মাধ্যমে আলমঙ্গীরকে পরিবারের নিকট হস্তান্তর করে।

দামুড়হুদায় বেগম রোকেয়া দিবস উপলক্ষে জয়ীতা নারীদের সংবর্ধনা

দামুড়হুদা উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অফিসের আয়োজনে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ ও বেগম রোকেয়া দিবস ২০২১ উদযাপন উপলক্ষে “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কার্যক্রমের আওতায় জয়িতা বাংলার নারীদের সংবর্ধনা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টায় দামুড়হুদা উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তারের সভাপতিত্বে উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন শিক্ষানুরাগী ও সাবেক অধ্যাপক এমএ গফুর, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ আবু হেনা মোঃ জামাল শুভ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন, আব্দুল ওয়াদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, উপজেলা নির্বাচন কর্মকর্তা মোঃ ইসহাক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ুব আলী, দামুড়হুদা সদর ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, বিভিন্ন স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক সংগঠনের নেতা-কর্মী সহ স্থানীয় সুধী মহল।

অনুষ্ঠানটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা মহিলা বিষয়ক

কর্মকর্তা হোসনে আরা ববি। আলোচনা শেষে ৫ জন নারীকে এবছরের সেরা জয়িতাদের সংবর্ধনা ও পুরষ্কৃত করা হয়।

দামুড়হুদায় আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উপলক্ষে আলোচনা সভা

দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির আয়োজনে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস ২০২১ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠান শুরুর আগে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে এক র্যালি বের করা হয়। র্যালিটি উপজেলা মোড় ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টার সময় দামুড়হুদা উপজেলা পরিষদ সভাকক্ষে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তারের সভাপতিত্বে উক্ত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন শিক্ষানুরাগী ও সাবেক অধ্যাপক এমএ গফুর, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ আবু হেনা মোঃ জামাল শুভ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন, আব্দুল ওয়াদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, উপজেলা নির্বাচন কর্মকর্তা মোঃ ইসহাক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ুব আলী, দামুড়হুদা সদর ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, বিভিন্ন স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক সংগঠনের নেতা-কর্মী সহ স্থানীয় সুধী মহল।

সভা শেষে বিভিন্ন স্কুল-কলেজ থেকে আগত ছেলে মেয়েরা সহ উপস্থিত সকলেই হাত উঠিয়ে জীবনে কখনো দূর্নীতি করবো না বলে ঘোষনা করেন।